

রেজিস্ট্রেশনের যাচাই-তালিকা বা চেকলিস্ট

আপনি স্কুলের জন্য রেজিস্টার করার সময় নিচে উল্লিখিত জিনিসগুলো প্রদান করতে ভুলবেন না।

- আপনার সন্তানের বয়সের প্রমাণ (শিক্ষার্থীর জন্মের সার্টিফিকেট, পাসপোর্ট, অথবা ব্যাপ্টিজমের রেকর্ড),
- আপনার সন্তানের টিকা বা ইমিউনাইজেশনের রেকর্ড (যদি থাকে),
- আপনার সন্তানের সর্বশেষ রিপোর্ট কার্ড/ট্রান্সক্রিপ্ট (যদি থাকে), এবং
- নিচের উল্লিখিতগুলো থেকে দুইটি (2) ডকুমেন্ট, যা ঠিকানার প্রমাণ যাচাই করবে:
 - লিজ এগ্রিমেন্ট, দলিল, অথবা বাড়ির মর্টগেজের স্টেটমেন্ট;
 - বাড়িতে বসবাসকারীর নামে কোন ইউটিলিটি কোম্পানি কর্তৃক (যেমন ন্যাশনাল গ্রিড অথবা কন এডিসন) ইস্যুকৃত বাড়ির ইউটিলিটি বিল (গ্যাস অথবা ইলেক্ট্রিক বিল) - যা অবশ্যই বিগত 60 দিনের মধ্যে ইস্যুকৃত হতে হবে;
 - কেবল টেলিভিশন প্রদত্ত বাসভবনে পরিষেবার বিল; এর উপর অবশ্যই পিতামাতার নাম ও বাসস্থানের ঠিকানা ছাপা থাকতে হবে এবং তা বিগত 60 দিনের মধ্যের তারিখযুক্ত হতে হবে;
 - IRS, সিটি হাউজিং অথরিটি, ফেডারেল অফিস অভ রেফুজি রিসেটেলমেন্ট বা শরণার্থী পুনর্বাসন, হিউম্যান রিসোর্সেস অ্যাডমিনিস্ট্রেশন, অথবা অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন সার্ভিসেস (ACS), অথবা ACS সাবকন্ট্রাক্টরসহ ফেডারেল, স্টেট অথবা লোকাল গভর্নমেন্ট এজেন্সির লেটারহেডে চিঠি যেখানে বসবাসকারীর নাম এবং ঠিকানা উল্লেখ থাকবে - তা বিগত 60 দিনের মাঝের তারিখযুক্ত হতে হবে;
 - যে বাড়িতে বসবাস করছে সেটার বর্তমান প্রপার্টি ট্যাক্স বিল;
 - যে বাড়িতে বসবাস করছে সেটার পানির বিল - তা অবশ্যই বিগত 90 দিনের মধ্যের তারিখযুক্ত হতে হবে;
 - বাড়ির ঠিকানা সহ বাড়ি ভাড়ার রসিদ - তা অবশ্যই বিগত 60 দিনের মধ্যে তারিখযুক্ত হতে হবে;
 - স্টেট, সিটি, অথবা গভর্নমেন্ট ইস্যুকৃত অন্য পরিচয়পত্র (IDNYC কার্ড সহ), যেটার মেয়াদ উত্তীর্ণ হয়নি এবং যে বাড়িতে বসবাস করছে সেটার ঠিকানা উল্লেখ করা আছে;
 - গত ক্যালেন্ডার বছরের ইনকাম ট্যাক্স ফর্ম;
 - মেয়াদ উত্তীর্ণ হয়নি এমন অফিশিয়াল NYS ড্রাইভার লাইসেন্স অথবা লার্নার পারমিট;
 - নিয়োগদাতার কাছ থেকে বিগত 60 দিনের মধ্যে ইস্যুকৃত বেতনের অফিশিয়াল কাগজপত্র, যেমন বাড়ির ঠিকানায়ুক্ত একটি পে স্টাব, ট্যাক্স কাটার উদ্দেশ্যে জমা দেয়া ফর্ম, অথবা বেতনের রিসিট (চাকুরিদাতার লেটারহেডে লেখা চিঠি গ্রহণযোগ্য হবে না) - তা অবশ্যই বাড়ির ঠিকানা উল্লিখিত এবং বিগত 60 দিনের মধ্যের তারিখযুক্ত হতে হবে;
 - ভোটার রেজিস্ট্রেশনের কাগজপত্র বা ডকুমেন্ট, যেটায় পিতামাতার নাম ও বাড়ির ঠিকানা অন্তর্ভুক্ত রয়েছে;
 - বসবাসের ভিত্তিতে মেয়াদ উত্তীর্ণ হয়নি এমন সদস্যপদ বা মেম্বারশিপ (যেমন, এলাকায় বা নেইবারহুডে বসবাসকারীদের অ্যাসোসিয়েশন), যেটায় পিতামাতার নাম ও বাড়ির ঠিকানা থাকবে;
 - ছেলেমেয়েটির কাস্টোডিয়ান প্রমাণ, যাতে অন্তর্ভুক্ত আছে তবে এতেই সীমাবদ্ধ নয়, বিচার বিভাগীয় আদেশ অথবা অভিভাবকত্বের কাগজপত্র, এসব কাগজপত্র অবশ্যই বিগত 60 দিনের মধ্যে ইস্যুকৃত হতে হবে এবং শিক্ষার্থীর নাম ও বাসস্থানের ঠিকানা থাকতে হবে।

অস্থায়ী আবাসনে বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাসকারী শিক্ষার্থীদের জন্য দ্রষ্টব্য

ম্যাকিনি-ভেন্টো অস্থায়ী আবাসনকে যেভাবে সংজ্ঞায়িত করেছেন সেই অনুযায়ী, যেসব শিক্ষার্থী এধরণের আবাসনে বাস করে, তাদের তালিকাভুক্ত বা এনরোল করার জন্য কোনো নথিপত্র (এতে অন্তর্ভুক্ত ঠিকানা, জন্ম তারিখের প্রমাণ এবং টিকা বা ইমিউনাইজেশন) জমা দেয়া বাধ্যতামূলক নয়। স্কুলগুলো অবশ্যই অস্থায়ী আবাসনের শিক্ষার্থীকে সাময়িকভাবে প্রি-রেজিস্টার করবে এবং এরপর তাদের সাথে কাজ করে ডকুমেন্টেশন সংগ্রহের জন্য DOE-এর সাথে যোগাযোগ করবে।